

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮১

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ আয়াতুল কুরসী পাঠের মাধ্যমে শয়তান থেকে বেঁচে থাকা (আমরা আল্লাহর কাছে শয়তান থেকে পানাহ চাই।)

ذِكْنُ الِاحْتِرَازِ مِنَ الشَّيَاطِينِ نَعُوذُ بِاللَّهِ مِنْهُمْ بِقِرَاءَةِ آيَةِ الْكُرْسِيّ

আরবী

781 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنَا الْأُوْزَاعِيُّ حَدَّثَنَا الْأُوْزَاعِيُّ حَدَّثَنَا الْأُوْزَاعِيُّ حَدَّثَنَا الْأُوْزَاعِيُّ حَدَّثَنَا الْأُوْزَاعِيُّ حَدَّثَنَا الْمُحْدَلُهُ بَيْنِ كَعْبِ: أَنَّ أَبَاهُ أَخْبَرَهُ: أَنَّهُ كَانَ لَهُمْ جَرِينٌ فِيهِ تَمْرٌ وَكَانَ مِمَّا يَتَعَاهَدُهُ فَيَجِدُهُ يَنْقُصُ فَحَرَسَهُ ذَاتَ لَيْلَةٍ فَإِذَا هُوَ بِدَابَّةٍ كَهَيْتَةِ الْغُلَامِ الْمُحْتَلِمِ قَالَ: فَسَلَّمت فَرَدَّ السَّلَامَ فَقُلْتُ: مَا أَنْتَ جِنِّ أَمْ إِنْسٌ؟ فَقَالَ: جِنَّ فَقُلْتُ: نَاوِلْنِي يَدَكَ فَإِذَا يَدُ كُلْبِ وَشَعْرُ كُلْبِ فَقُلْتُ: هَكَذَا خُلِقَ الْجِنُّ فَقَالَ: لَقَدْ عِلْمَت الْجِنُ أَنَّهُ مَا فِيهِمْ مَنْ هُوَ أَشَدُّ مَنِّي فَقُلْتُ: مَا يَحْمِلُكَ عَلَى مَا صَنَعْت؟ قَالَ: عَلَمَت الْجِنُ أَنَّهُ مَا فِيهِمْ مَنْ هُو أَشَدُّ مَنِي فَقُلْتُ: مَا يَحْمِلُكَ عَلَى مَا صَنَعْت؟ قَالَ: عَلَيْهِ وَسَلَّمَ الْجَنُ أَنَّهُ مَا فِيهِمْ مَنْ هُو أَشَدُّ مَنِي فَقُلْتُ: مَا يَحْمِلُك عَلَى مَا صَنَعْت؟ قَالَ: مَنْ طُعَامِكَ قُلْتُ: مَلْكُمْ؟ فَقَالَ: هَذِهِ الْآيَةُ اللَّهُ مَا اللَّذِي يَحْرِزُنَا عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّذِي يَحْرِنُنَا عَلَيْهِ وَسَلَّمَ فَا أَنْ أُسِيلِكُ مَلْكُمْ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّذِي الْمَعْدِنَ الْمَعْدِنَ الْمُعْلُ بُن أُبِي إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَعْدِنَ الْمَالِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُولُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِنَ عَلْبِ وَسُولُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْوَالِمَ الْمَعْدُلُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ الْمُولُ الْمُولُ الْمُولُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهِ وَالْمُولُ الْمُعَلِي اللَّهُ عَلَيْهُ اللَّهُ الْمُعْدِي الْمُولُ الْمُلْكُونُ الْمُلْلُولُ الْمُعْتِلُ الْمُعَلِي اللَّهُ الْمُولُولُ الْمُعْتُل

বাংলা

৭৮১. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "তাঁদের একটি একটি গুদাম ছিল, যাতে খেজুর ছিল আর তিনি তা নিয়মিত দেখা-শুনা করতেন। অতঃপর তিনি তাতে (খেজুর) কম দেখতে পান। একরাতে তিনি পাহারা দিচ্ছিলেন, এমন সময় তিনি একটি প্রাপ্ত বয়স্ক বালক সদৃশ এক প্রাণী দেখতে পান। রাবী



বলেন, "আমি তাকে সালাম দিলাম। সে সালামের জবাব দিল। অতঃপর আমি বললাম, "তুমি কি জিন নাকি মানুষ?" সে জবাবে বললো, "জিন।" আমি বললাম, "তোমার হাত বাড়িয়ে দাও।" (হাত বাড়িয়ে দিলে) আমি দেখতে পেলাম, তার হাত কুকুরের হাতের মত আর তার চুল শুকরের চুলের মত। আমি বললাম, "জিনদের কি এরকমই সৃষ্টি করা হয়েছে?"

সে বললো, "জিনরা জানে যে, তাদের মাঝে আমার চেয়েও শক্তিশালী জিন আছে।" আমি বললাম, "তুমি যে কাজ করেছাে, এই কাজ করতে তােমাকে কিসে উদ্বুদ্ধ করেছে?" সে বললাে, "আমার কাছে এই মর্মে সংবাদ পৌঁছেছে যে, আপনি সাদাকাহ করতে ভালবাসেন। এজন্য আমি আপনার খাদ্য থেকে কিছু পেতে চেয়েছি।" আমি বললাম, "কোন জিনিস আমাদেরকে তােমাদের থেকে রক্ষা করতে পারে?" সে বললাে, "এই আয়াত, আয়াতুল কুরসী।" রাবী বলেন, "অতঃপর তাকে আমি ছেড়ে দেই।" উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহুর ছেলে বলেন, "সকালে আমার বাবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে যান এবং তাঁকে সব বৃত্তান্ত বর্ণনা করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "খবীসটা সত্য কথাই বলেছে।"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "উবাই বিন কা'ব রাদ্য়িাল্লাহু আনহুর ছেলের নাম তুফাইল বিন উবাই বিন কা'ব।"

## ফুটনোট

[1] বাইহাকী, দালাইনুন নুবুওয়াহ: ৭/১০৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৯৭; আবু নু'আইম, দালাইনুন নুবুওয়াহ: ২/৭৬৫; তাবারানী, আল কাবীর: ৫১৪; হাকিম, আল মুসতাদরাক: ১/৫৬২; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৯৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৩২৪৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন